ইউনিভার্সাল মডেল একাডেমীতে গণ-অভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণসভা ও দোয়া মাহফিল

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাটের দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের ব্রাহ্মণগ্রামে ইউনিভার্সাল মডেল একাডেমীর আয়োজনে জুলাই-আগষ্টের ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে আহত ও নিহত সকল শহীদদের স্মরণে দোয়া মাহফিল ও স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টায় একাডেমী মাঠে আয়োজিত এই সভায় একাডেমীর ছাত্র-শিক্ষক ছাড়াও এলাকার সর্বস্তরের সাধারণ জনগণ অংশগ্রহণ করেন।

স্মরণসভায় নানা তথ্যচিত্র প্রদর্শন ও বক্তৃতার মাধ্যমে আন্দোলনে নিহত ও আহতদের ভূমিকা তুলে ধরা হয়।

সাবেক ইউপি সদস্য হাজী নিজাম উদ্দিনের সভাপতিত্বে ও শাবিপ্রবির সাবেক শিক্ষার্থী মহি উদ্দিন জাবেরের পরিচালনায় অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তিলাওয়াত করেন ব্রাহ্মণগ্রাম কেন্দ্রীয় জামে মসজিদের মুয়াজ্জিন হাফিজ নজমুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন ৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: লোকমান উদ্দিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন সিলেট জজ কোর্টের এপিপি এডভোকেট খায়রুল আলম বকুল। অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন গাছবাড়ী বাজার বনিক সমিতির সেক্রেটারি ও অত্র স্কুল ম্যানেজিং কমিটির সদস্য মেহদী হাসান নাসির, ব্রাহ্মণগ্রাম পশ্চিম জামে মসজিদের ঈমাম মাওলানা সুলতান আহমদ, দারুস সালাম গোলের জামে মসজিদের ঈমাম মাওলানা ফয়সল আহমদ, স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি কবির উদ্দিন আহমদ, ব্রাহ্মণগ্রাম কেন্দ্রীয় জামে মসজিদ কমিটির সভাপতি জয়নাল আবেদীন, স্কুল ম্যানেজিং কমিটির সদস্য সিরাজ উদ্দিন, বিলাল আহমদ, আবুল বশর, জয়নাল আবেদীন, সাবেক ইউপি সদস্য আলিম উদ্দিন, দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়ন যুব ফোরামের কোষাধ্যক্ষ কলিমুল্লাহ মাহফুজ, উদয়ন আইডিয়াল একাডেমীর শিক্ষক মিসবাহ উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠান শেষে জুলাই বিপ্লবে আহত ও শহীদদের রুহের মাগফিরাত ও আহতদের সুস্থতা কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাত

পরিচালনা করেন ব্রাহ্মণগ্রাম কেন্দ্রীয় জামে মসজিদের ঈমাম মাওলানা ফরিদ আহমদ কফিল।